**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জানিয়েছেন, রাজ্যে বর্তমানে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা ২০২৩ প্রকল্পে ৩ লক্ষ ৭০ হাজার পরিবার অন্তর্ভুক্ত রয়েছে ।**

**(২) লোকসভায় অর্থবিল ২০২৫ গৃহীত।**

**(৩) কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, বিগত ৮ বছরে রাজ্যে প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় ১৪ লক্ষ ৩৭ হাজার কৃষককে অন্তর্ভুক্ত করা হয়েছে।**

**(৪) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরন চক্রবর্তীর স্মৃতি টি-২০ ক্রিকেটের ফাইনালে সংহতি ক্লাব খেলবে কসমোপলিটান ক্লাবের বিরুদ্ধে ।**

******************************************

**Assembly-CM Jana Arogya Yojna :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জানিয়েছেন, রাজ্যে বর্তমানে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা ২০২৩ প্রকল্পে ৩ লক্ষ ৭০ হাজার পরিবার অন্তর্ভুক্ত রয়েছে। আজ বিধানসভায় বিধায়ক মাইলাফু মগের এক প্রশ্নের উত্তরে তিনি এতথ্য জানান।

*******************************

**Assembly-HIV and AIDS :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন রাজ্যে এইচ আই ভি এবং এইডস রোগের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকার বেশ কিছু

কর্মসূচি গ্রহণ করেছে। আজ বিধানসভায় বিধায়ক গোপাল রায় ও নয়ন সরকারের এক প্রশ্নের উত্তরে তিনি এতথ্য জানান। মুখ্যমন্ত্রী জানান, এই রোগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য ২২০টি স্কুলের সমস্ত অধ্যক্ষ, প্রধান শিক্ষক, শিক্ষিকাদের নিয়ে এইচ.আই.ভি/এইডস-এর কর্মশালার আয়োজন করা হয়। তাছাড়া আগরতলা পুর নিগমের কর্পোরেটর এবং পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সদস্যদের নিয়ে ড্রাগের অপব্যবহার সম্পর্কে কর্মশালার আয়োজন করা হয়। তিনি জানান, রাজ্যে বর্তমানে এইডস রোগীর সংখ্যা ১ হাজার ১৮৫ জন।

***************************

**100 Days Stop TB :**

বিশ্ব যক্ষা দিবসে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক আয়োজিত অনুষ্ঠানে টিবি মুক্ত ভারত অভিযানের ১০০ দিনের বিশেষ অভিযান কর্মসূচিতে অসাধারণ কাজের জন্য স্বীকৃতি হিসেবে শংসাপত্র পেল ত্রিপুরা। গতকাল নতুন দিল্লির বিজ্ঞানভবনে আয়োজিত অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা জাতীয় স্বাস্থ্য মিশনের রাজ্য অধিকর্তা প্রশান্ত বাদল নেগীর হাতে এই শংসাপত্র তুলে দেন। সঙ্গে ছিলেন জাতীয় যক্ষা নির্মূলিকরণ কর্মসূচির রাজ্যের দায়িত্বে থাকা প্রোগ্রাম অফিসার ডা: নুপুর দেববর্মা।

***************************

**Assembly Budget Discussion :**

রাজ্য বিধানসভার অধিবেশনে আজ বাজেটের উপর সাধারন আলোচনায় অংশ গ্রহণ করেন বিধায়ক রঞ্জিত দাস, ভগবান দাস, শম্ভুলাল চাকমা, বিশ্বজিত কলই। তারা আগামী অর্থবছরে প্রস্তাবিত বাজেটকে জনমুখী বলে উল্লেখ করেন। তাছাড়া বিধায়ক সুদীপ রায় বর্মণ, দীপঙ্কর সেন ও ইসলাম উদ্দিন বাজেটের বিরোধিতা করে বক্তব্য রাখেন।

***************************

**Finance Bill passed :**

লোকসভায় আজ ২০২৫-২৬ সালের অর্থ বিল পাশ হয়েছে। অর্থ বিল পেশ করার মাধ্যমে সরকার আগামী আর্থিক বছরের জন্য ব্যয়-বরাদ্দ প্রস্তাব সংসদে অনুমোদন করিয়ে নেওয়ারই রীতি। বিলটি নিয়ে আজ আলোচনার জবাবে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেন, ২০২৫ সালের অর্থ বিল করদাতাদের সম্মান জানাতে এবং সহজে ব্যবসা করার ক্ষেত্রে সুবিধা দিতে অভূতপূর্ব কর ছাড় রেখেছে। তিনি বলেন, নতুন কর ব্যবস্থার আওতায় ১২ লক্ষ টাকা আয় পর্যন্ত আয়কর শূন্য। শ্রীমতী সীতারামন ঘোষণা করেন যে, আগামী বর্ষাকালীন অধিবেশনে নতুন আয়কর বিলটি আলোচনার জন্য নেওয়া হতে পারে। মন্ত্রী বলেন, দেশের মানুষের প্রত্যাশা এবং ২০৪৭ সালের মধ্যে বিকাশিত ভারত গড়ার লক্ষ্য অনুযায়ী কেন্দ্রীয় সরকার এই অর্থ বিলের মাধ্যমে অনেক পদক্ষেপ নিয়েছে। শ্রীমতী সীতারামন বলেন, শুল্ক সংক্রান্ত বিলের লক্ষ্য হল শুল্ক হারে নানা বৈপরীত্য দূর করে শুল্ক কাঠামোকে ন্যায় সঙ্গত রূপ দেওয়া এবং তা উৎপাদন ইউনিটগুলিকে সহায়তা করবে, রপ্তানিকে উৎসাহিত করবে, বাণিজ্যকে সহজতর করবে এবং সাধারণ মানুষকে স্বস্তি দেবে। শ্রীমতী সীতারামন বলেন, কেন্দ্রীয় বাজেটের লক্ষ্য হল দেশীয় উৎপাদন বৃদ্ধি করা এবং কাঁচামালের উপর শুল্ক হ্রাস করে রপ্তানির প্রতিযোগিতামূলক ক্ষমতা বৃদ্ধি তে উৎসাহ যোগানো।

****************************

**One Nation One Election :**

এক দেশ এক নির্বাচন সংক্রান্ত যৌথ কমিটির মেয়াদ সংসদের বর্ষাকালীন অধিবেশনের শেষ সপ্তাহের প্রথম দিন পর্যন্ত বাড়ানো হয়েছে। আজ লোকসভায় কমিটির চেয়ারম্যান পিপি চৌধুরী এই বিষয়ে একটি প্রস্তাব উত্থাপন করলে তা অধিবেশনে অনুমোদিত হয়।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Assembly-Prodhanmontri Fasal Bima Yojna :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, বিগত ৮ বছরে রাজ্যে প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় ১৪ লক্ষ ৩৭ হাজার কৃষককে অন্তর্ভুক্ত করা হয়েছে। আজ বিধানসভায় বিধায়ক মাইলাফ্রু মগের এক প্রশ্নের উত্তরে তিনি এই তথ্য জানান। শ্রী নাথ জানান, এই প্রকল্পের মাধ্যমে ইচ্ছুক ধান চাষীরা কানি প্রতি মাত্র ১০ টাকা দিয়ে বীমার আওতায় আসার সুযোগ পেয়েছেন এবং কৃষকদের প্রিমিয়ামের কানি প্রতি বাকি ২১০ টাকা রাজ্য সরকার বহন করছে। এর জন্য রাজ্য বাজেটে ২০২০-২১ অর্থ বছর থেকে ২০২৩-২৪ অর্থ বছর পর্যন্ত মোট ৩২ কোটি ৭৫ লক্ষ ৮০ হাজার টাকা ব্যয় হয়েছে। কৃষিমন্ত্রী আরো জানান, আগামী অর্থ বছর থেকে ধানের পাশাপাশি আলু ও তরমুজ চাষীদের বীমার আওতায় আনার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে উদ্যোগ নেওয়া হয়েছে।

******************************

**Waves :**

বলিউড চলচিত্র জগতের অভিনেতা অক্ষয় কুমার বলেছেন, ওয়ার্ল্ড অডিও ভিজ্যুয়াল অ্যান্ড এন্টারটেইনমেন্ট সামিট, ওয়েভস ২০২৫ ভারতের বিনোদন

জগতের জন্য এক আমূল রূপান্তরকারী ঘটনা হতে চলেছে। বলিউড অভিনেতা আজ ওয়ার্ল্ড অডিও ভিজ্যুয়াল অ্যান্ড এন্টারটেইনমেন্ট সামিট (ওয়েভস) এর জন্য শুভেচ্ছা জানিয়েছেন। সোশ্যাল মিডিয়ায় শেয়ার করা একটি ভিডিও বার্তায় অভিনেতা এই শীর্ষ সম্মেলন আয়োজনের উদ্যোগের প্রশংসা করে বলেছেন এ এক মাইলফলক পদক্ষেপ হতে যাচ্ছে। তিনি দৃঢ়তার সাথে ও বলেন এই শীর্ষ সম্মেলন শুধুমাত্র বিশ্বজুড়ে চলচিত্র নির্মাতাদের জন্য একটি নিখুঁত মঞ্চই হবে না, বরং বিশ্বের সবচেয়ে মজবুত এক আসর হয়ে উঠতে চলেছে - যা বিনোদন দুনিয়ার ভবিষ্যতকেই বদলে দেবে।

######Byte-Akshay Kumar#####

ওয়েভস সম্মেলন অনুষ্ঠিত হবে আগামী পয়লা মে থেকে চৌঠা মে মুম্বাইয়ের জিও বিশ্ব কনভেশন সেন্টারে।

****************************

**PM-TB 100 :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সদ্য সমাপ্ত ১০০ দিনের নিবিড় যক্ষ্মা মুক্ত ভারত অভিযান সম্পর্কে কেন্দ্রীয় মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডার একটি নিবন্ধ শেয়ার করেছেন। নিবিড় যক্ষ্মা মুক্ত ভারত অভিযান যক্ষ্মা মুক্ত ভারত প্রতিষ্ঠার ক্ষেত্রে এক মজবুত ভিত্তি স্থাপন করেছে।

সামাজিক মাধ্যম এক্স-এ প্রধানমন্ত্রীর কার্যালয়ের পক্ষ থেকে একটি পোস্ট করে বলা হয়: "যক্ষ্মার বিরুদ্ধে ভারতের লড়াইয়ে উল্লেখযোগ্য অগ্রগতি হচ্ছে। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী, জে পি নাড্ডা সদ্য সমাপ্ত ১০০ দিনের যক্ষ্মা মুক্ত ভারত অভিযান সম্পর্কে বিভিন্ন অভিজ্ঞতাকে এই লেখায় তুলে ধরেছেন। যা যক্ষ্মা মুক্ত ভারত - গড়ার জন্য একটি শক্তিশালী ভিত্তি স্থাপন করেছে।"

****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। জনগনের পরামর্শ এমাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*****************************

**Power Tiller :**

কেন্দ্রীয় সরকারের "সাব-মিশন অন এগ্রিকালচারেল ম্যাকেনাইজেশন" এর আওতায় আজ কৈলাশহরের গৌরনগর পঞ্চায়েত সমিতি কার্যালয় প্রাঙ্গনে কৃষিকাজের জন্য পাওয়ার টিলার প্রদান করা হয়। এক লক্ষ টাকা ভর্তুকি মূল্যে এগুলো বিতরণ করা হয়। এখানে মোট আটটি পাওয়ার টিলার তুলে দেওয়া হয়। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন, গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস-চেয়ারম্যান মোঃ বদরুজ্জামান, কৃষি তত্বাবধায়ক পরাগ রায়চৌধুরী প্রমুখ।

*************************

**Voter Awareness-Dhalai :**

ভোটদানে ভোটারদের অংশগ্রহণ বাড়ানো এবং প্রতিটি নির্বাচনে যেন ভোটাররা নিজেদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করে সেই বার্তা ছড়িয়ে দিতে আজ আমবাসায় এক সাইকেল রেলি অনুষ্ঠিত হয়। নির্বাচন দপ্তর আয়োজিত এই সাইকেল রেলিতে উপস্থিত ছিলেন ডেপুটি কালেক্টর সমিরন রায় ও মহকুমা প্রশাসনের অন্যান্য আধিকারিকরা।

****************************

**T-20 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরন চক্রবর্তীর স্মৃতি টি-২০ ক্রিকেটের ফাইনালে সংহতি ক্লাব খেলবে কসমোপলিটান ক্লাবের বিরুদ্ধে। আজ আসরের দুটি সেমি-ফাইনাল হয়। এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় সংহতি ক্লাব ৮ উইকেটে ব্লাডমাউথ ক্লাবকে এবং পুলিশ ট্রেনিং একাডেমির মাঠে কসমোপলিটন ক্লাব ৮ রানে জয়নগর ক্রিকেট ক্লাবকে হারিয়ে দেয়। আগামীকাল ফাইনাল খেলাটি হবে।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের আশপাশে থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস।

*****************************